

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
 ত্রাণ কর্মসূচি-১ শাখা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং-৫১.০০.০০০০.৪২১.৯৬.০০১.১৫.১০১

তারিখঃ ১৪ মার্চ, ২০১৮  
৩০ ফাল্গুন, ১৪২৪


বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” এর ১ম পর্যায়ের প্রকল্প বাস্তবায়ন সময়-সীমা বৃদ্ধি প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৭-১৩ তারিখঃ ২৭/০২/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৭-১৮ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান” কর্মসূচি ১ম পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের সময়সীমা আগামী ১৫ মার্চ, ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে বৃদ্ধি করা হলো।

- (ক) উক্ত সময়ের পর কোন অব্যয়িত অর্থ থাকলে তা ব্যয় করা যাবে না।  
 (খ) কোন প্রকল্পের কাজ ৪০ দিনের বেশী করা যাবে না এবং ৪০ দিনের বেশী দিনের জন্য শ্রমিক মজুরী ইত্যাদি পরিশোধ করা যাবে না।  
 (গ) ১৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখের পর উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য আর সময় বর্ধিত করা হবে না।

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
 (মোঃ শাহজাহান)

সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)  
 ফোনঃ ৯৫৪৫৮৬৯  
 asr1@modmr.gov.bd

মহাপরিচালক  
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
 ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, .....(সকল)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি মহাপরিচালক/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক বরাবর ই-মেইল ও ফ্যাক্স মারফত প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।